

যুগান্তর

রাবিতে সংঘর্ষ: চোখে আঘাতপ্রাপ্ত ৩ শিক্ষার্থীকে নেওয়া হচ্ছে বিদেশে

👤 রাবি প্রতিনিধি

🕒 ২৪ মার্চ ২০২৩, ২০:০৭:৪৭ | [অনলাইন সংস্করণ](#)



স্থানীয়দের সঙ্গে সংঘর্ষের ঘটনায় চোখে আঘাতপ্রাপ্ত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) তিন শিক্ষার্থীকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে (ভারত) পাঠাচ্ছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শুক্রবার (২৪ মার্চ) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা এম তারেক নূর।

আহত তিন শিক্ষার্থী হলেন- বিশ্ববিদ্যালয়ের ফার্সি বিভাগের শেষ বর্ষের ছাত্র মিসবাহুল ইসলাম, মার্কেটিং বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র আলিমুল ইসলাম এবং আইন বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র আল আমিন।

তাদের মধ্যে আল আমিন ও মিসবাহুল বুধবার রাতে ঢাকা থেকে রাজশাহীতে ফিরেছেন।

আর মার্কেটিং বিভাগের আলিমুল ইসলাম পাসপোর্টের কাজে ঢাকায় অবস্থান করছেন।

X

গত ১১ মার্চ বিনোদপুর বাজারে স্থানীয়দের সঙ্গে রাবি শিক্ষার্থীদের সংঘর্ষ হয়। স্থানীয় লোকজনের হামলা ও পরিস্থিতি নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাঁদানে গ্যাস, রাবার বুলেট ও গুলি ছুড়ে। এতে দুই শতাধিক শিক্ষার্থী আহত হন বলে অভিযোগ পাওয়া যায়। এর মধ্যে চোখেও আঘাতপ্রাপ্ত হন কয়েকজন শিক্ষার্থী।

চোখে আঘাতপ্রাপ্ত কয়েকজন শিক্ষার্থী রাজশাহী মেডিকেল কলেজ থেকে প্রাথমিক চিকিৎসা নিয়ে ক্যাম্পাসে ফিরেন। আবার গুরুতর আহত তিন শিক্ষার্থীকে উন্নত চিকিৎসার জন্য রাজধানীর জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউটে পাঠায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কিন্তু সেখানে তাদের চোখের উন্নতি না হওয়ায় ভারত পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিশ্ববিদ্যালয় সূত্র জানা গেছে, বুধবার (২২ মার্চ) আহত ওই তিন শিক্ষার্থীকে ঢাকার জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট থেকে ফেরত পাঠানো হয়। চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট থেকে তাদের বিদেশে চিকিৎসার নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

জানতে চাইলে আহত শিক্ষার্থী আল-আমিন বলেন, ‘আমার দুই চোখে সমস্যা। এক চোখে একটু দেখতে পাচ্ছি। তাও আবার ঘোলাটে। আমাদের তিনজনের চিকিৎসার জন্য বিদেশে পাঠাবে বিশ্ববিদ্যালয় থেকে। তারা চিকিৎসার সব খরচ বহন করবে।’

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা এম তারেক নূর বলেন, ‘আমরা আহত তিন শিক্ষার্থীকে উন্নত চিকিৎসার জন্য ভারতে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছি। ঢাকার জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউটের চিকিৎসক ডা. পঙ্কজ আমাদের এ পরামর্শ দিয়েছেন। তাদের উন্নত চিকিৎসার জন্য ভারতের চেন্নাইয়ের শঙ্কর নেত্রালয়ে পাঠানো হবে। একজনকে আগে পাঠানো হবে। পরবর্তীতে দুজনকে পাঠানো হবে।’

তিনি আরও বলেন, একজনের ভিসার কাজ প্রক্রিয়াধীন। শিক্ষার্থীদের চিকিৎসার ব্যয়ভার বিশ্ববিদ্যালয় প্রশাসন ও সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে সমন্বয় করে বহন করা হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত